# পবিত্র রমজানের দৈনিক দোয়া সমূহ

## প্রথম দিনের দোয়া

اللهمَ اجْعلْ صِيامي فيه صِيام الصّائمينَ وقيامي فيهِ قيامَ القائمينَ ونَبّهْني فيهِ عن نَومَةِ الغافلينَ وهَبْ لي جُرمي فيهِ يا الهَ العالَمينَ واعْفُ عنّي يا عافياً عنِ المجْرمينَ

হে প্রভু আজকের এদিনে আমার রোজাকে প্রকৃত রোজাদারদের রোজার অন্তর্ভুক্ত করে নাও এবং আমার ইবাদতকে তোমার অনুরাগী উপাসকদের ইবাদতে পরিণত করে দাও । নিদ্রা বিমুখী ব্যক্তিদের মত আজ আমাকে জাগ্রত রাখ এবং আমার পাপ সমূহ ক্ষমা করে দাও । হে সৃষ্টি জগতের প্রভু ! আমাকে ক্ষমার দৃষ্টিতে দেখ ! ওহে ! পাপীদের পাপ মোচনকারী ।

## দ্বিতীয় দিনের দোয়া

اللهمّ قَرّبْني فيهِ الى مَرْضاتِكَ وجَنّبْني فيهِ من سَخَطِكَ ونَقماتِكَ ووفّقْني فيهِ لقراءةِ آياتِكَ برحْمَتِكَ يا أرْحَمَ الرّاحِمين

হে প্রভু আজকের এদিনে তোমার সন্তুষ্টির সান্নিধ্যে আমাকে নিয়ে এসো এবং তোমার শাস্তি ও আক্রোশ থেকে আমাকে দূরে রাখ । আজ তোমার কুরআন পাঠের সৌভাগ্য আমাকে দাও । হে পরম করুণাময় অনন্ত দয়ালু তোমার অনুগ্রহের দোহাই ।

## তৃতীয় দিনের দোয়া

اللهمّ ارْزُقني فيهِ الذّهْنَ والتّنَبيهَ وباعِدْني فيهِ من السّفاهة والتّمْويهِ واجْعَل لي نصيباً مِنْ كلّ خَيْرٍ تُنَزّلُ فيه بجودِكَ يا أجْوَدَ الأجْوَدينَ

হে প্রভু আজকের এদিনে আমাকে জ্ঞান ও বুদ্ধি দান কর এবং বিচ্যুতি ও অজ্ঞতা থেকে আমাকে দুরে রাখ । ওহে অনন্ত দাতা, যে সকল কল্যাণ নাজিল করো তা থেকে তুমিই আমাকে দাও সকল প্রকার কল্যাণ ।

## চতুর্থ দিনের দোয়া

اللهمّ قوّني فيهِ على إقامَةِ أمْرِكَ واذِقْني فيهِ حَلاوَةَ ذِكْرِكَ وأوْزِعْني فيهِ لأداءِ شُكْرَكَ بِكَرَمِكَ واحْفَظْني فيهِ بِحِفظْكَ وسِتْرِكَ يا أبْصَرَ النّاظِرين

হে প্রভু আজকের এদিনে তোমার আদেশ বাস্তবায়নে আমাকে শক্তি দাও এবং তোমার 'জিকির' এর আস্বাধন আমাকে উপভোগ করাও । হে প্রভু ! তোমার কৃতজ্ঞতা জ্ঞাপনে আমাকে প্রস্তুত করে নাও । হে সর্বশেষ্ঠ দ্রষ্টা! তোমার অনুকম্পা , প্রতিরক্ষা ও আশ্রায়ে আমার গোনা সমূহের গোপনীয়তা রক্ষা কর ।

**পঞ্চম দিনের দোয়া**

اللهمّ اجْعَلْني فيهِ من المُسْتَغْفرينَ واجْعَلْني فيهِ من عِبادَكَ الصّالحينَ القانِتين واجْعَلْني فيهِ من اوْليائِكَ المُقَرّبينَ برأفَتِكَ يا ارْحَمَ الرّاحمين

হে প্রভু আজকের এদিনে আমাকে ক্ষমা প্রার্থণাকারীদের মধ্যে অর্ন্তভুক্ত করে নাও এবং তোমারই অনুগত সৎকর্ম পরায়ণ বান্দায় পরিণত করে দাও । হে প্রভু ! তোমার সান্নিধ্য প্রাপ্ত ভক্তদের অর্ন্তভুক্ত করে নাও আমাকে । হে পরম করুণাময় দয়ালু তোমার দয়ার দোহাই ।

**৬ষ্ট দিনের দোয়া**

اللهمّ لا تَخْذِلْني فيهِ لِتَعَرّضِ مَعْصِيَتكَ ولا تَضْرِبْني بِسياطِ نَقْمَتِكَ وزَحْزِحْني فيهِ من موجِباتِ سَخَطِكَ بِمَنّكَ وأياديكَ يا مُنْتهى رَغْبَةِ الرّاغبينَ

হে প্রভু আজকের এদিনে যারা তোমার আদেশ লংঘন করেছে , আমাকে তাদের ন্যায় অপদস্ত হওয়া থেকে রক্ষা কর এবং তোমার শাস্তির বেত্রাঘাতে আমাকে আঘাত কর না । ওহে অনুরাগীদের প্রতি শ্রেষ্ঠ অনুরুক্ত ! আমাকে দান কর তোমার অনন্ত নেয়ামত এবং দুরে রাখ তোমার অবাধ্য কার্যকলাপ থেকে ।

**সপ্তম দিনের দোয়া**

اللهمّ اعنّي فيهِ على صِيامِهِ وقيامِهِ وجَنّبني فيهِ من هَفَواتِهِ وآثامِهِ وارْزُقْني فيهِ ذِكْرَكَ بِدوامِهِ بتوفيقِكَ يا هاديَ المُضِلّين

হে প্রভু আজকের এদিনে আমাকে রোজা পালন ও ইবাদতে সাহায্য কর এবং অযথা বাকবিতন্ডা ও পাপাচার থেকে আমাকে রক্ষা কর । সর্বদা তোমার জিরিক (স্মৃতিচারণ) করার তৌফিক আমাকে দাও । ওহে পথভ্রষ্টদের পথপ্রদশক! সৌভাগ্যমন্ডিত কর আমাকে অনন্তকালের ।

**অষ্টম দিনের দোয়া**

اللهمّ ارْزُقني فيهِ رحْمَةَ الأيتامِ وإطْعامِ الطّعامِ وإفْشاءِ السّلامِ وصُحْبَةِ الكِرامِ بِطَوْلِكَ يا ملجأ الآملين

হে প্রভু আজকের এদিনে অনাথদের প্রতি অনুগ্রহ , অভাবীদের আহার্য ও সম্মুখস্থ ব্যক্তিদের প্রতি সালাম এবং দয়ালু মানুষদের সাথে মেলা-মেশার সৌভাগ্য আমাকে দাও । ওহে আশান্নিতদের আশ্রায়দাতা ! তোমার মহানুভবতার দোহাই ।

**নবম দিনের দোয়া**

اللهمّ اجْعَلْ لي فيهِ نصيباً من رَحْمَتِكَ الواسِعَةِ واهْدِني فيهِ لبراهينِكَ السّاطِعَةِ وخُذْ بناصيتي الى مَرْضاتِكَ الجامِعَةِ بِمَحَبّتِكَ يا أمَلَ المُشْتاقين

হে প্রভু আজকের এদিনে তোমার অনন্ত করুণা হতে কিছু আমার ভাগ্যে রাখ এবং তোমার অতিশয় সুস্পষ্ট যুক্তির প্রতি আমাকে পথ নির্দেশনা দাও ।

**দশম দিনের দোয়া**

اللهمّ اجْعلني فيهِ من المُتوكّلين عليكَ واجْعلني فيهِ من الفائِزينَ لَدَيْكَ واجْعلني فيهِ من المُقَرّبينَ اليكَ بإحْسانِكَ ياغايَةَ الطّالِبين

হে প্রভু আজকের এদিনে আমাকে তোমার প্রতি তাওয়াক্কুলকারীদের অর্ন্তভুক্ত করে নাও। আর যারা তোমার সান্নিধ্যে লাভবান ও সফলকাম হয়েছে তাদের সাথে আজ আমাকে গ্রহণ কর । হে প্রভু আজ আমাকে তোমার দরবারের সান্নিধ্য অর্জনকারীদের অন্ত র্ভুক্ত করে নাও । হে অনুরাগীদের চুড়ান্ত লক্ষ্য তোমার দয়ার দোহাই ।

**একাদশতম দিনের দোয়া**

اللهمّ حَبّبْ اليّ فيهِ الإحْسانَ وكَرّهْ اليّ فيهِ الفُسوقَ والعِصْيانَ وحَرّمْ عليّ فيهِ السّخَطَ والنّيرانَ بِعَوْنِكَ يا غياثَ المُسْتغيثين

হে প্রভু আজ দান করাকে আমার মনোগ্রাহী করে দাও এবং অবাধ্যতা ও দূর্নীতিকে আমার ঘৃণার বস্তুতে পরিণত করে দাও । হে প্রভু আজ আমার প্রতি জাহান্নামের আক্রোশ ও আগুনকে হারাম (নিষেধ্য) করে দাও । হে অসহয় আর্তনাদকারীদের সাহায্য ও সহায় দানকারী তোমার অনুগ্রহের দোহাই ।

**দ্বাদশতম দিনের দোয়া**

اللهمّ زَيّنّي فيهِ بالسّتْرِ والعَفافِ واسْتُرني فيهِ بلباسِ القُنوعِ والكَفافِ واحْمِلني فيهِ على العَدْلِ والإنْصافِ وامنّي فيهِ من كلِّ ما أخافُ بعِصْمَتِكَ يا عِصْمَةَ الخائفين

হে প্রভু আজ আমার গোনাহ্ সমূহকে গোপন রাখ এবং পবিত্রতার অলংকারে আমাকে শোসভিত কর । হে প্রভু আজকের এদিনে আমাকে পরিতুষ্ট ও সংযমের পরিচ্ছদে আবৃত করে নাও এবং আজ আমাকে (কর্মক্ষেত্রে) ন্যায়নীতি ও ইনসাফ সহকারে চলতে বাধ্য কর । আমি যে সকল বিষয় থেকে ভয় পাই ঐ সকল বিষয় থেকে তোমার আশ্রয়ে আজ আমাকে আশ্রয় দান কর, ওহে ভীতুদের পরম আশ্রয়দাতা ।

**ত্রিয়দশতম দোয়া**

اللهمّ طَهّرني فيهِ من الدَنَسِ والأقْذارِ وصَبّرني فيهِ على كائِناتِ الأقْدارِ ووَفّقْني فيهِ للتّقى وصُحْبَةِ الأبْرارِ بعَوْنِكَ يا قُرّةَ عيْنِ المَساكين

হে প্রভু আজ আমাকে গোনাহ্ ও পঙ্কিলতা থেকে পবিত্র করে দাও এবং যে সকল দূর্ঘটনা আমার ভাগ্যে রেখেছো সে সকল ক্ষেত্রে ধৈয্য অবলম্বনের শক্তি আমাকে দাও । হে প্রভু আজ পরেজগার ও পবিত্র মানুষদের সহসাথী হওয়ার তৌফিক আমাকে দাও । হে নিঃস্বদের নয়নমনি তোমার সহায়তার দোহাই ।

**চর্তুদশতম দিনের দোয়া**

اللهمّ لا تؤاخِذْني فيهِ بالعَثراتِ واقِلْني فيهِ من الخَطايا والهَفَواتِ ولا تَجْعَلْني فيه غَرَضاً للبلايا والآفاتِ بعِزّتِكَ يا عزّ المسْلمين

হে প্রভু আজ আমার বিচ্যুতির জন্য কৈফিয়াৎ নিওনা এবং আমার ভ্রান্তি ও বিচ্যুতি সমূহকে আজ ক্ষমার চোখে দেখ । হে প্রভু আজ আমাকে বিপদাপদ ও সংকটে আক্রান্ত করওনা । হে মুসলমানদের সম্মানদাতা তোমার সম্মানের দোহাই ।

**পনেরতম দিনের দোয়া**

اللهمّ ارْزُقْني فيهِ طاعَةَ الخاشِعين واشْرَحْ فيهِ صَدْري بإنابَةِ المُخْبتينَ بأمانِكَ يا أمانَ الخائفين.

হে প্রভু বিনয়ী মানবদের মত আনুগত্যতা করার সৌভাগ্য আজ আমাকে দান কর এবং বিশুদ্ধ বিনয়ে তোমার প্রতি প্রত্যাবর্তনে আমার বক্ষকে আজ প্রসস্ত করে দাও । হে নিরাশ্রয় ও ভীরুদের আশ্রয়দাতা তোমার আশ্রয় দানের দোহাই ।

**১৬তম দিনের দোয়া**

اللهمّ وَفّقْني فيهِ لِموافَقَةِ الأبْرارِ وجَنّبْني فيهِ مُرافَقَةِ الأشْرارِ وأوِني فيهِ بِرَحْمَتِكَ الى دارِ القَرارِبالهيّتَك يا إلَهَ العالَمينفين

হে প্রভু আজ পরিশুদ্ধ মানবদের সঙ্গী হওয়ার তৌফিক দাও এবং দুষ্ট লোকদের পরিচার্য থেকে আমাকে দুরে রাখ । হে প্রভু তোমার রহমতের ওসিলায় বেহেস্তের প্রশান্তির আলায়ে আমার অবস্থান দান কর । হে বিশ্ব ভ্রমন্ডের প্রভু তোমার প্রভুত্বের দোহাই ।

**১৭ তম দিনের দোয়া**

اللهمّ اهْدِني فيهِ لِصالِحِ الأعْمالِ واقْضِ لي فيهِ الحَوائِجَ والآمالِ يا من لا يَحْتاجُ الى التّفْسيرِ والسؤالِ يا عالِماً بما في صُدورِ العالَمين صَلِّ على محمّدٍ وآله الطّاهِرين

হে প্রভু আজ আমাকে যথাপোযুক্ত কর্মে পথ নির্দেশনা দান কর এবং আমার মিনতি ও চাহিদা সমূহ পূর্ণ করে দাও । হে (তুমি তো সর্ব দ্রষ্টা) তোমার নিকট আকুতি ও ভিক্ষা আর্তনাদের কোন প্রয়োজন নেই , [কেননা] হে তুমি যে, বিশ্ববাসীর অন্তরের গুপ্ত খবর রাখ । তুমি অনুগ্রহ দান কর মুহাম্মদ ও তাঁর পবিত্র আহলে বাইতের প্রতি ।

**১৮ তম দিনের দোয়া**

اللهمّ نَبّهْني فيهِ لِبَرَكاتِ أسْحارِهِ ونوّرْ فيهِ قلبي بِضِياءِ أنْوارِهِ وخُذْ بِكُلّ أعْضائي الى اتّباعِ آثارِهِ بِنورِكَ يا مُنَوّرَ قُلوبِ العارفين

হে প্রভু শেষ রাতের বরকত লাভের জন্য আমাকে আজ জাগ্রত করে দাও এবং এদিনে আমার অন্তরকে ভোর রাতের আলোকে জ্যোর্তিময় করে দাও । একই সাথে আমার সমস্ত অঙ্গ -প্রতঙ্গ (ঐ নুরের ) অনুসরণ করার প্রতি বাধ্য কর । হে আরেফগণের অন্তরের জ্যোর্তি দানকারী তোমার নুরের দোহাই ।

## ১৯ তম দিনের দোয়া

اللهمّ وفّرْ فيهِ حَظّي من بَرَكاتهِ وسَهّلْ سَبيلي الى خَيْراتهِ ولا تَحْرِمْني قَبولَ حَسَناتهِ يا هادياً الى الحَقّ المُبين.

হে প্রভু আজকের এদিনে তোমার অনন্ত কল্যাণ হতে আমার ভাগ্যে রাখ অধিক এবং তোমার কল্যান অর্জনের পথকে আমার জন্য সুগম করে দাও । হে প্রভু সৎকর্ম সাধন থেকে আমাকে বঞ্চিত কর না । হে সুস্পষ্ট সত্য ধর্মের প্রতি পথ প্রদর্শক ।

## ২০ তম দিনের দোয়া

اللهمّ افْتَحْ لي فيهِ أبوابَ الجِنانِ واغْلِقْ عَنّي فيهِ أبوابَ النّيرانِ وَوَفّقْني فيهِ لتِلاوَةِ القرآنِ يا مُنَزّلِ السّكينةِ في قُلوبِ المؤمنين

হে প্রভু আজকের এদিনে তোমার বেহেস্তের দ্বার সমূহ আমার প্রতি উন্মোচিত করে দাও এবং আজ জাহান্নামের দ্বার সমূহকে আমার প্রতি রুদ্ধ করে দাও । আজ আমাকে কুরআন পাঠের তৌফিক দান কর । হে মুমিনদের অন্তরে প্রশান্তি বর্ষনকারী ।

## ২১ তম দিনের দোয়া

اللهمّ اجْعَلْ لي فيهِ الى مَرْضاتِكَ دليلاً ولا تَجْعَل للشّيْطان فيهِ عليّ سَبيلاً واجْعَلِ الجَنّةِ لي منْزِلاً ومَقيلاً يا قاضي حَوائِجَ الطّالِبين

হে প্রভু যে সকল কর্মদ্বারা তোমার সন্তষ্টি লাভ করা যায় ,সে সকল কর্মের প্রতি আজ আমাকে পথ নির্দেশনা দান কর । হে প্রভু আমার উপর শয়তানের কতৃত্ব মুক্ত করে দাও এবং বেহেস্তকে আমার আবাসস্থল ও প্রশান্তির আলায়ে পরিণত কর । হে নিঃস্ব প্রার্থীদের অভাব মোচনকারী ।

## ২২ তম দিনের দোয়া

اللهمّ افْتَحْ لي فيهِ أبوابَ فَضْلَكَ وأنْزِل عليّ فيه بَرَكاتِكَ وَوَفّقْني فيه لِموجِباتِ مَرْضاتِكَ واسْكِنّي فيهِ بُحْبوحاتِ جَنّاتِكَ يا مُجيبَ دَعْوَةِ المُضْطَرّين

হে প্রভু আজ তোমার বৈশিষ্ট্যের দ্বার সমূহ আমার প্রতি উন্মোচিত করে দাও এবং তোমার কল্যাণ সমূহ আমার প্রতি বর্ষন কর । হে প্রভু যে সকল কর্ম দ্বারা তোমার সন্তুষ্টি লাভ করা যায় আমাকে ঐ সকল কার্য সাধনের তৌফিক দান কর এবং তোমার বেহেস্তের মধ্যস্থানে আমাকে অবস্থান দাও । ওহে অসহদের আর্তনাদে সাড়া দানকারী ।

**২৩ তম দিনের দোয়া**

اللهمّ اغسِلْني فيهِ من الذُّنوبِ وطَهِّرْني فيهِ من العُيوبِ وامْتَحِنْ قَلْبي فيهِ بِتَقْوَى القُلوبِ يا مُقيلَ عَثَراتِ المُذْنبين.

হে প্রভু আজ আমাকে সমস্ত পাপ ও পঙ্কিলতা থেকে বিশুদ্ধ করে নাও এবং সমস্ত ত্রুটি থেকে আমাকে পবিত্র করে দাও । হে প্রভু পরিক্ষার মাধ্যমে আমাকে পরিশুদ্ধ অন্তর দান কর । ওহে , যে পাপতাপ মোচনকারী ।

**২৪ তম দিনের দোয়া**

اللهمّ إنّي أسْألُكَ فيه ما يُرْضيكَ وأعوذُ بِكَ ممّا يؤذيك وأسألُكَ التّوفيقَ فيهِ لأنْ أطيعَكَ ولا أعْصيكَ يا جَوادَ السّائلين.

হে প্রভু যে সকল কর্ম তোমাকে সন্তুষ্ট করে, আমি আজ নিশ্চয় সে সকল কর্ম কামনা করি এবং তোমার অপছন্দীয় কর্ম থেকে তোমার নিকট আশ্রয় গ্রহণ করি ।হে প্রভু তোমার আদেশ পালন ও আদেশ লংঘন যাতে না করি সে জন্য তোমার নিকট তৌফিক কামনা করি । ওহে প্রার্থনাকারীদের অনন্ত দাতা।

**২৫ তম দিনের দোয়া**

اللهمّ اجْعَلْني فيهِ محبّاً لأوْليائِكَ ومُعادياً لأعْدائِكَ مُسْتَنّاً بِسُنّةِ خاتَمِ انْبيائِكَ يا عاصِمَ قُلوبِ النّبيّين.

হে প্রভু আজ আমাকে তোমার ও তোমার আওলিয়াগণের প্রতি অনুরাগী এবং তোমার প্রতি যারা শত্রুতা পোষণ করে তাদের সাথে আমার শত্রুতা সৃষ্টি

করে দাও । আমি যেন সকল অবস্থায় তোমার সর্বশেষ নবীর পন্থায় কার্য সাধন করতে পারি । ওহে নবীদের অন্তর সমূহের রাক্ষক ।

**২৬ তম দিনের দোয়া**

اللهمّ اجْعَل سَعْيي فيهِ مَشْكوراً وذَنْبي فيهِ مَغْفوراً وعَملي فيهِ مَقْبولاً وعَيْبي فيهِ مَسْتوراً يا أسْمَعِ السّامعين.

হে প্রভু আজ আমার প্রচেষ্টা সমূহকে ( তোমার আনুগত্যের পথে ) পরিচালিত কর এবং উত্তম প্রতিদান দাও আমাকে । আজকের এদিনে আমার গোনাহ্ সমূহকে ক্ষমা করে দাও এবং আচারণ সমূহকে গ্রহণ যোগ্যতায় এবং ত্রুটি সমূহকে আবৃতাবস্থায় পরিণত করে দাও । সৃষ্টির প্রাথনা শ্রবনে ওহে সর্ব শ্রেষ্ঠ শ্রোতা ।

**২৭ তম দিনের দোয়া**

اللهمّ ارْزُقْني فيهِ فَضْلَ لَيْلَةِ القَدْرِ وصَيّرْ أموري فيهِ من العُسْرِ الى اليُسْرِ واقْبَلْ مَعاذيري وحُطّ عنّي الذّنب والوِزْر يا رؤوفاً بِعبادهِ الصّالحين.

হে প্রভু আজ আমাকে দান কর 'শবে কাদর' এর বৈশিষ্ট্য সমূহ এবং আমার সকল কর্ম সমূহকে সহজ করে দাও । হে প্রভু আমার অজুহাত সমূহ গ্রহণ করে নাও এবং আমার মাথা থেকে পাপের বোঝাকে নামিয়ে মুছে দাও । ওহে সৎকর্মশীল বান্দাদের পতি দায়লু ।

**২৮ তম দিনের দোয়া**

اللهمّ وفّر حظّي فيهِ من النّوافِلِ واكْرِمْني فيهِ بإحْضارِ المَسائِلِ وقَرّبِ فيهِ وسيلتي اليكَ من بينِ الوسائل يا من لا يَشْغَلُهُ الحاحُ المُلِحّين.

হে প্রভু আজ আমার নফল ও মুস্তাহাব ইবাদত সমূহে পর্যাপ্ত প্রতিদান দাও এবং আমার বিষয়াদি ( দৈনন্দিন জীবনের কর্ম বা দায়িত্ব সমূহ ) যথাযথ পালন ও প্রস্তুত করার ক্ষেত্রে আমাকে সাহায্য কর । আমার মাধ্যম সমূহকে মহান প্রভুর নৈকট্য লাভের কারণ ও মাধ্যম সমূহের নিকটতর করে দাও । তুমি এমন প্রভু যাকে কোন বান্দা অনুগ্রহ দান ও করুণা বর্ষন থেকে বিরত রাখবে না ।

**২৯ তম দিনের দোয়া**

اللهمّ غَشّنِي بالرّحْمَةِ وارْزُقْني فيهِ التّوفيقِ والعِصْمَةِ وطَهّرْ قلْبي من غَياهِبِ التُّهْمَةِ يا رحيماً بِعبادِهِ المؤمنين.

হে প্রভু আজ আমাকে তোমার অনন্ত রহমতে পরিবৃত করে নাও এবং পরিশুদ্ধ হওয়ার অনুগ্রহ আমাকে দান কর । হে প্রভু আমার অন্তরকে দুষিত চিন্তা ও সন্দেহ এবং অপবাদের কালিমা হতে পবিত্র করে দাও । ওহে ঈমানদার বান্দাদের প্রতি পরম দয়ালু ।

**৩০ তম দিনের দোয়া**

اللهمّ اجْعَلْ صيامي فيهِ بالشّكْرِ والقَبولِ على ما تَرْضاهُ ويَرْضاهُ الرّسولُ مُحْكَمَةً فُروعُهُ بالأصُولِ بحقّ سَيّدِنا محمّدٍ وآلهِ الطّاهِرين والحمدُ للهِ ربّ العالمين.

হে প্রভু আজ আমার রোজাকে কল্যাণময় পুরস্কারে ও তোমার নিটক গৃহীত হওয়ার মর্যাদা দান কর । কৃতজ্ঞতা জ্ঞাপন ছাড়াও আমি যাতে তোমার ও তোমার রাসুলের মনঃপুত হয়। এবং ঐ সকল গৌণ বিষয়কে মূল বিষয়ের ( যা ঈমান ও তোমার প্রতি একাগ্রতা ) দ্বারা সূদৃঢ় করে দাও । আমাদের অভিভাবক হযরত মুহাম্মদ ও তাঁর পবিত্র আহলে বাইতগণের দোহাই এবং সকল প্রসংশা একমাত্র সমগ্র সৃষ্টি জগতের প্রতিপালকের ।